

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৮৩

আগরতলা, ১৬ জানুয়ারি, ২০২৪

**ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন কার্যালয়ের চিফ মিনিস্টারস ওয়ার রুমে উচ্চ পর্যায়ের সভা
রাজ্যের সার্বিক বিকাশ ও জনকল্যাণে গৃহীত প্রকল্পগুলি
নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে : মুখ্যমন্ত্রী**

রাজ্যের সার্বিক বিকাশ ও জনকল্যাণে গৃহীত প্রকল্পগুলি গুণমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে। কর্মসূচি রূপায়ণে জেলাশাসকদের আরও দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। প্রকল্পগুলি রূপায়ণে কাজগুলিকে আরও বেশি করে মনিটরিং করা সম্ভব হবে। আজ আগরতলার ড. শ্যামাপ্রসাদ মুখার্জী সরণিস্থিত ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন কার্যালয়ে এক উচ্চপর্যায়ের সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন কার্যালয়ের চিফ মিনিস্টারস ওয়ার রুমে অনুষ্ঠিত এই সভায় বিভিন্ন প্রকল্পের অগ্রগতি, গৃহীত কর্মসূচি ও নতুন উদ্যোগসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও সভায় রাজ্যে রূপায়িত প্রধান প্রকল্প যেমন জাতীয় সড়ক, আগরতলা থেকে এয়ারপোর্ট পর্যন্ত সড়ক, মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরের পরিকাঠামো উন্নয়ন, পুরাতন রাজভবনে মহারাজা বীরচন্দ্র মাণিক্য মডার্ন আর্ট মিউজিয়াম অ্যান্ড কালচার্যাল মিউজিয়াম, বিদ্যাজ্যোতি স্কুল, জলজীবন মিশন এবং পি এম বিশ্বকর্মা প্রকল্পে রূপায়িত চলতি কর্মসূচিগুলির বিষয়সমূহ পর্যালোচনা করা হয়।

সভায় টিআইএফটি'র সিইও কিরণ গিত্যে টিআইএফটি'র বর্তমান স্থিতি ও পরিকাঠামোগত বিষয়সমূহ সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন। তিনি জানান, ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশনের উদ্যোগের অঙ্গ হিসেবে সম্প্রতি নীতি আয়োগের একটি প্রতিনিধি দল রাজ্য সফরে এসেছিলেন। প্রতিনিধি দলটির সাথে রাজ্য সরকারের বৈঠককালে রাজ্যে একটি টি অকশন সেন্টার খোলার বিষয়ে সবুজ সঙ্কেত পাওয়া যায়। সেই অনুযায়ী রাজ্য সরকার থেকেও প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী রাজ্যের টি অকশন সেন্টারটি রাজ্যের দুর্গাবাড়ী এলাকায় স্থাপনের জন্য সংশ্লিষ্টদের পরামর্শ দেন। সভায় জানানো হয়, জনস্বার্থে গৃহীত রাজ্য সরকারের বিভিন্ন অভিনব উদ্যোগগুলি দেশে নানাভাবে প্রশংসিত হচ্ছে। এর মধ্যে রাজ্য সরকারের নিজস্ব 'আমার সরকার' পোর্টালটি উল্লেখযোগ্যভাবে প্রশংসিত হয়েছে। এক্ষেত্রে জনস্বার্থে গৃহীত রাজ্য সরকারের উল্লেখযোগ্য উন্নয়নমূলক কর্মসূচিগুলির একটি তালিকা তৈরী করার জন্য মুখ্যমন্ত্রী সংশ্লিষ্টদের পরামর্শ দেন। এছাড়াও সভায় ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন কাজকর্মের সম্ভাব্য দিকগুলি নিয়ে বিস্তৃত আলোচনা হয়।

সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা জাতীয় সড়ক, আগরতলা থেকে এয়ারপোর্ট পর্যন্ত সড়ক, মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরের পরিকাঠামো উন্নয়ন, পুরাতন রাজভবনে মহারাজা বীরচন্দ্র মাণিক্য মডার্ন আর্ট মিউজিয়াম অ্যান্ড কালচার্যাল মিউজিয়াম, বিদ্যাজ্যোতি স্কুল, জলজীবন মিশন এবং পি এম বিশ্বকর্মা প্রকল্পের অন্তর্গত চলতি কাজগুলির অগ্রগতি ও ইস্যুগুলি নিয়ে পর্যালোচনা করেন। সভায় প্রকল্প রূপায়ণকারী সংশ্লিষ্ট দপ্তরের সচিব ও অধিকর্তাগণ উন্নয়নমূলক কাজগুলির বর্তমান স্থিতি ও অগ্রগতি বিস্তারিতভাবে সভায় অবহিত করেন। প্রকল্পগুলি রূপায়ণে সমস্যাসমূহ ও তার সমাধানের বিষয়টিও সভায় আলোচনায় প্রাধান্য পেয়েছে। সভায় পূর্ত দপ্তরের সচিব অভিষেক সিং, শিক্ষা সচিব রাভেল হেমেন্দ্র কুমার, মুখ্যমন্ত্রী ওএসডি পরমানন্দ সরকার ব্যানার্জী, বিভিন্ন দপ্তরের অধিকর্তা, পূর্ত দপ্তরের বিভিন্ন বিভাগের চিফ ইঞ্জিনিয়ারগণ সহ প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
